দৈনিক ইনকিলাব

তারিখ 30 APR 199?
পৃষ্ঠা ৫ কলাম ৫

## পরীক্ষা আর হবে না সবাই পাস

আমি একজন এসএসসি পরীক্ষার্থী। ২৫ তারিখের দৈনিক বাংলা পত্রিকায় দেখলাম এসএসসি'র অংকের ক ও খ সেটের প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে। এর আগে ইংরেজী প্রশ্নপত্র ফাঁস হওয়ার খবর পত্রিকায় ছাপা হয়েছে। ২৬ তারিখে পরীক্ষা দিলাম 'খ' সেট প্রশ্নপত্রে। 'খ' সেট স্বভাবতই কঠিন হয় এবং তিনটা অংক করতে পারলাম না। সেটা আসল কথা নয়। যখন দেখলাম পরীক্ষা শেষে কয়েকজন ছাত্রের কাছে ক, খ ও গ সেটের ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্র তখন অবাক হলাম যে, দেশের প্রশাসন ও শিক্ষা মন্ত্রণালয়ের কত দুর্নীতি। মোহাম্মদপুর হাই স্কুলের আমার এক বন্ধু তিন সেটের প্রশ্নপত্রই আমায় দেখিয়ে বললো "দ্যাখ দোস, গতকাল তিন সেটের প্রশ্নপত্রই পেয়ে গেছি। সব করে এসেছি। খ সেট পরীক্ষা দিলাম। Hundred পাব।" অথচ ঐ বন্ধু জীবনে কোন ক্লাসের অংক পরীক্ষায় পাস করেছে বলে ইতিহাস নেই। এমনিতে বর্তমান সরকার নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তরের পদ্ধতি চালু করায় কিছু না জানা ছাত্র-ছাত্রীও প্রথম শ্রেণী নিয়ে পাস করছে। পাশের হার নজিরবিহীনভাবে বাড়ছে। এখনও সরকার এ ব্যাপারে বলিষ্ঠ কোন পদক্ষেপ নিচ্ছে না। শুধু তা-ই নয়, এখন দেখছি সকল প্রশ্নপত্র (সকল সেটসহ) ফাঁস হয়ে যাচ্ছে। শিক্ষার গতি কোথায় যাচ্ছে? তার চেয়ে বরং এসএসসি পরীক্ষার পদ্ধতিটা বিলুপ্ত করে দিয়ে বর্তমান সরকারের উচিত একটি অধ্যাদেশ জারির মাধ্যমে ঘোষণা করা— "এখন থেকে এসএসসি পরীক্ষা হবে না। দশম শ্রেণীতে পদার্পণের সাথে সাথে সবাই মেট্রিক পাস।"

—মোঃ হাবিবুর রহমান,
গভঃ ল্যাবরেটরী হাই স্কুল,
ধানমণ্ডি, ঢাকা-১২০৫।